

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.bandarban.gov.bd

স্মারক: ৫১.০১.০৩০০.০০০.৩৯.০০৬.২৪. ১২৯

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

বিষয়: ত্রাণ কার্য(চাল) ও ত্রাণ কার্য(নগদ) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: ০১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০১৫.২০.০৭৭.২৩.১৪৪; ০৪ জুলাই, ২০২৩ খ্রি।

০২। উপজেলা নির্বাহী অফিসার, রোয়াংছড়ি এর পত্র নম্বর: ৫১.০১.০৩৮৯.০০০.৩৯.০০১.২৪.৩১; ২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, রোয়াংছড়ি এর পত্র নম্বর: ৫১.০১.০৩৮৯.০০০.৩৯.০০১.২৪.৪১; ১৩ মার্চ ২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রে বর্ণিত ০২ ও ০৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অনুমানিক সকাল ৯.০০ ঘটিকায় রোয়াংছড়ি উপজেলাধীন ০৪ নম্বর নোয়াপতং ইউনিয়নের ০৫ নম্বর ওয়ার্ডের সোনাইসেপু পাড়ায় সংঘটিত অগ্নিকান্ডে ০৫ টি পরিবারের বসতবাড়ী এবং একই উপজেলাধীন ০৩ নম্বর আলেক্ষ্যং ইউনিয়নের ০৯ নম্বর ওয়ার্ড রোয়াংছড়ি বাসস্টেশন এলাকায় গত ১২ মার্চ ২০২৪ তারিখে সংঘটিত অগ্নিকান্ডে ০১ টি পরিবারের বসতবাড়ী এবং ০৩ জন ব্যক্তির টমটম ও ঠেলাগাড়ী সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়। মানবিক সহায়তা বাবদ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ০৯ (নয়) পরিবারের মধ্যে পরিবার প্রতি ৩০ (ত্রিশ) কেজি হারে বিতরণের নিমিত্ত ০১ নম্বর সূত্রে বর্ণিত জি.ও মূলে বরাদ্দপ্রাপ্ত ত্রাণ কার্য(চাল) হতে নিম্নবর্ণিত পরিমাণ চাল এবং ত্রাণ কার্য(নগদ) খাত হতে পরিবার প্রতি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে বিতরণের নিমিত্ত নিম্নবর্ণিত পরিমাণ অর্থ তাঁর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো এবং উপ-বরাদ্দকৃত টাকার ক্রসড্ চেক নম্বর: ৪৮২৮৬৮১, তারিখ: ২৭/০৩/২০২৪ এসাথে প্রেরণ করা হলো।

ক্রম	উপজেলার নাম	ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা	ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে বিতরণের জন্য উপ-বরাদ্দকৃত ত্রাণ কার্য(নগদ) ও ত্রাণ কার্য (চাল) এর পরিমাণ	
			ত্রাণ কার্য(চাল)	ত্রাণ কার্য(নগদ)
০১	০২	০৩	০৪	
০১	রোয়াংছড়ি	০৯ টি	২৭০ (দুইশত সত্তর) কেজি (৩০ (ত্রিশ) কেজি × ০৯ ক্ষতিগ্রস্ত পরিবার)	৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা (৫০০০/- (পাঁচ হাজার) টাকা × ০৯ ক্ষতিগ্রস্ত পরিবার)
সর্বমোট=			২৭০ (দুইশত সত্তর) কেজি	৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা

শর্তাবলী:

- ০১। উপ-বরাদ্দকৃত ত্রাণ কার্য(চাল) স্থানীয় খাদ্যগুদাম থেকে উত্তোলন করা যাবে।
 - ০২। বরাদ্দকৃত ত্রাণ কার্য(চাল) ও ত্রাণ কার্য(নগদ) বন্যা, নদীভাঙ্গন, ঘূর্ণিঝড় ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে বিতরণ করতে হবে।
 - ০৩। প্রাকৃতিক দুর্যোগ ব্যতিত অন্য কোন কাজে এ বরাদ্দ বিতরণ করা যাবে না।
 - ০৪। মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক এ বরাদ্দ বিতরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব/মাষ্টাররোল সংরক্ষণসহ বিতরণের মাষ্টাররোল ০১(এক) ফর্দ আবশ্যিকভাবে ০৭ কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
 - ০৫। প্রতিমাসে ব্যয় বিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
 - ০৬। মঞ্জুরকৃত চালের ব্যয় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২২১০১ ত্রাণ কার্য(চাল) খাত হতে নির্বাহ করা হবে।
 - ০৭। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার উপজেলার তথ্য বাতায়নে বরাদ্দপত্রটি Upload করবেন।
- সংযুক্তি: ক্রসড্ চেক ০১ টি।

স্বা -

মোহাম্মদ মোজাহেবুল হক
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ: দা:)
জেলাপ্রশাসকের পক্ষে
বান্দরবান পার্বত্য জেলা।
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৫
টেলিফোন: ০২৩৩৩৩০২৭১৯
email: drrobandarban@ddm.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার

রোয়াংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

চলমান পাতা-০২


(Handwritten signature)

স্মারক: ৫১.০১.০৩০০.০০০.৩৯.০০৬.২৪. ১২৯

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০
৩১ মার্চ ২০২৪

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক(ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। পিএসটু বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, রোয়াংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৫। সহকারী কমিশনার (গোপনীয়), বান্দরবান পার্বত্য জেলা (জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সহকারী কমিশনার (আইসিটি), জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা (উপ-বরাদ্দপত্রটি জেলাপ্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রোয়াংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রোয়াংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।


মোহাম্মদ মোজাহেবুল হক
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ: দা:)
০৬/০৩/২৪